শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩**

**MymensinghPalliBidyut Samity-3.**

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email:mpbs3@yahoo.com
Web:pbs3.mymensingh.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৪. ১৬৪৫ তারিখ: ১৮ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ / ০৫ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতাসহ প্রয়োজনীয় দক্ষতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৩ জন (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ টাকা হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বয়স ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮বছর/সর্বোচ্চ ৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ নাতি/ নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) প্রার্থীকে কমপক্ষে এইচ, এস, সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এস,এস,সি/সমমান ও এইচ,এস,সি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ন্যূনতম-৩.০০ (জিপিএ-৫.০০ এর মধ্যে) থাকতে হবে। গণিতে দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) প্রার্থীকে অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান ও সনদ থাকা বাধ্যতামূলক।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই ভদ্র,বিনয়ী ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>(চ) প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে। | বাগেরহাট,বরগুনা,বরিশাল, ভোলা,বগুড়া,ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর,চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম,চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা,দিনাজপুর, ফরিদপুর,ফেনী,গাইবান্ধা, গোপালগঞ্জ,হবিগঞ্জ,যশোর, ঝালকাঠি,ঝিনাইদহ, খাগড়াছড়ি, খুলনা,কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষীপুর, লালমনিরহাট, মাদারীপুর, মাগুরা,মানিকগঞ্জ,মেহেরপুর, মৌলভীবাজার,মুন্সিগঞ্জ,নওগাঁ, নড়াইল, নারায়নগঞ্জ, নাটোর,নীলফামারী, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, রাজবাড়ী, রাজশাহী, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর,সিরাজগঞ্জ, সিলেট, ঠাকুরগাঁও। |

**প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট (Web: pbs3.mymensingh.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩,শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতীত সাদা কাগজে/ টাইপকৃত/ স্বাক্ষর ব্যতীত/ অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতীত সরাসরি কিংবা ২০/০৫/২০২৪খ্রিঃ তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। <u>প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সমূহ সংযুক্ত করতঃ আবেদন করতে হবেঃ</u>

(ক) ওয়েবসাইট হতেA-4সাইজের কাগজে ডাউন লোডকৃত আবেদন ফরম;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য হবেনা);

(গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম লিখা থাকতে হবে)

(ঘ) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি;

(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(চ) জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(জ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে- অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৩। আগামী ২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। "অন-প্রবেশন" থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা-৩০০-১৪,৩০০-১৭,৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করণসহ মূল বেতন ও অন্যান্য প্রচলিত ভাতাদি প্রদান করা হবে। "অন-প্রবেশন" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত না হলে অন-প্রবেশনের মেয়াদ পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে যা দুই বারের অধিক হবে না।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। বাংলাদেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

০৭। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর কর্মকর্তা/কর্মচারী (গণ) এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা পরিচালক (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) আবেদন করার প্রয়োজন নেই।

০৮। প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগ প্রদানের পূর্বে পবিস ব্যবস্থাপনা কর্তৃক প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা এবং পরিবারের অতীত ইতিহাস সরেজমিনে যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই এর ক্ষেত্রে কোন অসংগতি পাওয়া গেলে বর্ণিত পদে ''অযোগ্য'' বিবেচনা করা হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচিত হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা প্রযোজ্য হবে।

১০। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই সকল শিক্ষাগত ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৩। প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৪। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/০৪/২৪
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মানবসম্পদ/পবিস মনিটরিং ও ব্য. প. (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো- এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), ময়মনসিংহ উত্তর, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/হালুয়াঘাট/ঈশ্বরগঞ্জ/ফুলপুর/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
১১। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি), ময়মনসিংহ পবিস-৩।
১২। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা/গৌরিপুর/উচাখিলা সাব-জোনাল অফিস, ময়মনসিংহপবিস-৩।
১৩। এজিএম (প্রশাসন),ময়মনসিংহ পবিস-৩। (বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো)
১৪। এজিএম (আইটি), ময়মনসিংহ পবিস-৩। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
১৫। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (Web: pbs3.mymensingh.gov.bd) ময়মনসিংহ পবিস-৩।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

[সদয় অবগতির জন্য]

২৬/৪/২৪
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

ফরম নং- পমাসপ ১১০-০০২,
ভার্সন-০১
অনুমোদিত তারিখঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

## ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর "সহকারী ক্যাশিয়ার" পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভূগঞ্জ, ময়মনসিংহ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৪. তারিখঃ ১৮/০৪/২০২৪ খ্রিঃ।

২. আবেদনকৃত পদের নামঃ ......................................
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ ................................

..................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ: ১৮/০৪/২০২৪ খ্রিঃ

..............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

..............................................
(ইংরেজীতে বড় হাতের অক্ষর)

...........................................................
৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ অনুযায়ী)

......../........./.............. (দিন/মাস/বছর)
৮. বয়স (২০/০৫/২০২৪ খ্রিঃ তারিখে)

......................................................
৯. মাতার নাম

..................................................
১০. পিতার নাম

......................................................
১১. ধর্ম

.........................................................
১২. জাতীয়তা

.......................................................
১৩. নিজ জেলা

.....................................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা: (টিক (√) দিন

| বিবাহিত | |
|---|---|

| অবিবাহিত | |
|---|---|

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) চিহ্ন দিন) ঃ

| | | |
|---|---|---|
| মহিলা | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা |

| | | | |
|---|---|---|---|
| এতিম ও শারীরিক প্রতিবন্ধী | উপজাতি | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | অন্যান্য |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| ............................. | ............................. | ............................. | ............................. |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ............................. | ............................. | ............................. | ............................. |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

........................................ ১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

........................................ ২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

.............................. ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কিনা (হ্যাঁ/না) জনাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হলো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

...................................
তারিখ

.....................................................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..................................................................

পরীক্ষার তারিখ ঃ ..................................................................

পরীক্ষার সময় ঃ ..................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ .......................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ ..................................................................**

প্রার্থীর নাম ..................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ......................................................

.....................................................................................................

.....................................................................................................

.....................................................................................................

.....................................................................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হবে হবে এবং মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

০৫। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৬। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৭। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতি কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।